**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**
**ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

***Ref:*** ***Date:*** ৫ আগস্ট ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

**ফ্যাসিস্ট হাসিনার পতন দিবসে খাগড়াছড়িতে ইউপিডিএফের সমাবেশে হামলার নিন্দা ও প্রতিবাদ**

ফ্যাসিস্ট হাসিনার পতন দিবস উপলক্ষে খাগড়াছড়িতে ইউপিডিএফের আয়োজিত বিক্ষোভ সমাবেশে রাষ্ট্রীয় বাহিনীর মদদপুষ্ট ঠ্যাঙাড়ে কর্তৃক সশস্ত্র হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে সংগঠনটির মুখপাত্র অংগ্য মারমা।

আজ মঙ্গলবার (৫ আগস্ট ২০২৫), সংবাদ মাধ্যমে প্রেরিত এক বিবৃতিতে তিনি বলেন, ফ্যাসিস্ট হাসিনা পতন দিবসে "অবিলম্বে পূর্ণস্বায়ত্তশাসন দাবি মেনে পার্বত্য চট্টগ্রাম সমস্যার স্থায়ী সমাধানের উদ্যোগ গ্রহণের দাবিতে" খাগড়াছড়ি শহরের চেঙ্গী স্কোয়ারে ইউপিডিএফের বিক্ষোভ সমাবেশ ছিল। আজ সকালে উপজেলা পরিষদ পরিষদের সামনে থেকে একটি মিছিল নিয়ে চেঙ্গী স্কোয়ারে গেলে সেখানে আগে থেকে অবস্থান নিয়ে থাকা ঠ্যাঙাড়ে সন্ত্রাসীরা হামলা চালায়। তাদের নির্বিচারে ছোঁড়া গুলিতে পূর্ণমুখী চাকমা (৫৩) স্বামী- মৃত শরবিন্দু চাকমা আহত হন। তার বাড়ি খাগড়াছড়ি সদরের পেরাছড়ায়। হামলার সময় ঘটনাস্থলের পাশে থাকা পুলিশ নীরব দর্শকের ভূমিকা পালন করে।

এছাড়াও আজ সকালে দীঘিনালা, মহালছড়ি ও পানছড়ি থেকে সমাবেশে আসার সময় পথে পথে ঠ্যাঙাড়েরা বাধা দেয় এবং লোকজনকে বহনকারী গাড়ি আটকিয়ে ফেরত পাঠিয়ে দেয়।

অংগ্য মারমা ক্ষোভ প্রকাশ করে বলেন, এক বছর আগে ফ্যাসিস্ট হাসিনার পতন হলেও পাহাড়-সমতলে এখনো ফ্যাসিবাদী শাসন ব্যবস্থা বহাল রয়েছে। আজকে ইউপিডিএফের মিছিলে হামলা তারই জ্বলন্ত দৃষ্টান্ত।

তিনি অবিলম্বে হামলাকারী অস্ত্রধারী সন্ত্রাসীদের গ্রেফতার ও শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।